Sanatan Dharma

---

**ভজনে অগ্রসরের জন্য পর পর তিনটি ক্রম**

ভজনে অগ্রসরের জন্য পর পর তিনটি ক্রম নির্দেশ করেছেনঃ-
* ১। প্রথমতঃ দরকার ভজনে অনুরাগ, আসক্তি বা লালসা (Aspiration)ঃ- প্রকৃত পক্ষে, কোন কিছুতে চরম উৎকর্ষ সাধনের জন্য মানুষের হৃদয়ে অনুরাগ, আসক্তি আর ঐকান্তিক লালসা না থাকলে তাতে কি সফলতা আসে? তাই নামের সেবার জন্যও চাই সে ঐকান্তিক লালসা। নামের সেবার এ লালসা যার যত বাড়তে থাকবে ততই তার হৃদয়ে জাগ্তে থাকবে ত্যাগের ভাব।
* ২। ত্যাগের ভাব, ভোগে অনাসক্তি (Rejection) ঃ- নামে আসক্তি এলে ভোগে অনাসক্তি জন্মে। নামের ভাবে হৃদয় ভরে গেলে সংসারের বিষয়ের প্রতি ত্যাগের ভাব জন্মে। বিষয় ভোগে বৈরাগ্যের উদয় হয়। ভোগের অবসানে আসে তাঁরি শ্রীপাদপদ্মে আত্মসমর্পণের ভাব-
* ৩। আত্মসমর্পণের ভাব (Surrender) ঃ- এ হলো ভজন জগতে চরম ভাব। এটি হলেই শেষ হয় সবকিছু। তাঁর কাছে আত্মসমর্পণ করলেই ভক্ত ভগবানে এক ভাব এক রস, একাকার। দয়াল শ্রীধর ঠাকুর জীবের প্রাণে আত্মসমর্পণের ভাব জাগাতেই এ নামপ্রসাদের আয়োজন করেছেন।

Published on: Oct, 31 2023 11:35